# নভেম্বরে গণভোট দাবি করে জনগণকে বিভ্রান্ত করা হচ্ছে: রিজভী



সংগৃহীত ছবি

নভেম্বরে গণভোট আয়োজনের প্রস্তাবকে অবাস্তব ও হাস্যকর আখ্যা দিয়েছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী আহমেদ। তিনি বলেছেন, "এমন দাবি মামার বাড়ির আবদারের মতো, বাস্তবতার সঙ্গে এর কোনো সম্পর্ক নেই।"

মঙ্গলবার (২১ অক্টোবর) রাজধানীর নয়াপল্টনে দলীয় কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে রিজভী বলেন, জাতীয় নির্বাচনের সময় গণভোটের কথা বলা কেবল সময় নষ্টের নামান্তর। "নির্বাচন ও গণভোট একসঙ্গে করার যুক্তি দেখিয়ে কেউ কেউ বিষয়টিকে হাস্যকরভাবে উপস্থাপন করছে," মন্তব্য করেন তিনি।

রিজভী আরও বলেন, আওয়ামী লীগ সচল থাকবে নাকি নিষিদ্ধ হবে—সে সিদ্ধান্ত নেবে অন্তর্বর্তী সরকার। তবে যাঁরা অপরাধে জড়িত, তাঁদের বিচার নিশ্চিত করতেই হবে।

শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রসংসদ নির্বাচনের প্রসঙ্গ টেনে বিএনপির এই নেতা বলেন, "ছাত্রসংসদে জেতা মানেই জাতীয় নির্বাচনে জয় নয়। এমন ভুল ধারণা আত্মঘাতী সিদ্ধান্তের মতো হবে, যেমনটা জামায়াতে ইসলামী অতীতে করেছে।"

রিজভী দলীয় নেতা-কর্মীদের শান্ত থাকার আহ্বান জানিয়ে বলেন, "যে কোনো উসকানির জবাবে ধৈর্য ও শৃঙ্খলার সঙ্গে প্রতিক্রিয়া জানাতে হবে। অহেতুক সংঘাতে না জড়িয়ে শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যেতে হবে।"

LENS ASIA